

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জাতীয় রাজস্ব বোর্ড
 আগারগাঁও, ঢাকা
 [কাস্টমস অটোমেশন শাখা]

নথি নম্বর: ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৮৭

তারিখ: ১৬.০৭.২০২৪ খ্রি.


বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নির্দেশনা।

- সূত্র:
- ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯; তারিখ: ১৫.১০.২০২৩ খ্রি.;
 - ২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯; তারিখ: ২৯.১১.২০২৩ খ্রি.;
 - ৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮; তারিখ: ২৫.০৩.২০২৪ খ্রি.;
 - ৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫; তারিখ: ১৫.০৫.২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুক্রায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রতিরোধ করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নির্দেশনা প্রদান করা হয়। এ উদ্দেশ্যে সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটটির মাধ্যমে আবেদনের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিত্ব পণ্যচালান ছাড়করণের জন্য সিএন্ডএফ এজেন্ট মনোনীত করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারেন। কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দুটো মসময়ে অনলাইনের মাধ্যমেই একেতে সংযুক্তকরণ সম্পাদন করা যায়। এছাড়া, সংযুক্তকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যায়।

২। সূত্রোক্ত ৪ নং পত্রের মাধ্যমে IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তকরণের সময়সীমা বিগত ১৯.০৬.২০২৪ খ্রি। তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, উল্লেখযোগ্য সংখ্যক সিএন্ডএফ এজেন্টদেরকে এখনো অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ করা হয়নি। এমতাবস্থায়, আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টি উপরে উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে জরুরী বিবেচনায় সম্পাদন করার নিমিত্তে সংশ্লিষ্ট সকল আমদানিকারকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে, সংযুক্তকরণের সময়সীমা আগামী ৩১.০৭.২০২৪ খ্রি। তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। উল্লিখিত সময়ের পর সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। উল্লেখ্য যে, IM-4 এর আওতায় আমদানিকারকগণ এ সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট বরাবর বর্ণিত ওয়েবসাইটের মাধ্যমে দাখিল করবেন এবং উক্ত দপ্তরসমূহে পদস্থ আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে এ সংক্রান্ত প্রয়োজনীয় এন্ট্রি প্রদান করবেন। এছাড়া সংযুক্তকরণের বিষয়টির সহায়ক নির্দেশিকা ইউটিউব লিঙ্ক (<https://www.youtube.com/watch?v=QsqwPU7RLL4>) এ প্রবেশের মাধ্যমে পাওয়া যাবে।

৩। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।



[নো: আব্দুল কাইয়ুম]

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

ই-মেইল: ss.asycuda@gmail.com

প্রাপক (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;
- ০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/ রাজশাহী/ রংপুর/ঘোর/খুলনা/চট্টগ্রাম;
- ১৬-১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।

অনুলিপি:

- ১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড;
- ২। জনাব গোলাম ছারোয়ার, প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।